অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক রাজ্যে গৃণা, বিভাজন, ইহুদি বিদ্বেষের সাথে লড়াই করার জন্য 'আমাদের রাজ্যে ঘৃণাা নয়' ক্যাম্পেইন শুরু করেছেন

গভর্নরের বাজেটের প্রস্তাবের মধ্যে রয়েছে জাতির প্রথম গার্হস্থ্য সন্ত্রাসবাদী আইন

25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন অ-লাভজনক সংস্থাদের জন্য যারা ঘৃণা সম্পর্কিত অপরাধের শিকার হওয়ার ঝুঁকিপূর্ণ

বাজেটে নিউ ইয়র্কের ছাত্রদের জন্য হবে বৈচিত্র এবং সহণশীলতা শিক্ষামূলক পাঠ্যক্রম অন্তর্ভুক্ত

স্টেট পুলিশের ঘৃণা সংক্রান্ত অপরাধের টাস্ক ফোর্সের (State Police Hate Crimes Task Force) সহায়তার জন্য বাজেট 2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে

নতুন ওয়েবসাইট এবং পিটিশন চালু করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 'আমাদের রাজ্যে ঘৃণাা নয়' ক্যাম্পেইন শুরু করেছেন যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক রাজ্যে ঘৃণা, বিভাজন ও ইহুদিবিদ্বেষ মোকাবেলা করার জন্য অর্থ বছর 2021 এর বাজেটে এক গুচ্ছ সমন্বিত প্রস্তাব। এই ক্যাম্পেইনে আছে একটি জাতির প্রথম গার্হস্থ্য সন্ত্রাসবাদ আইন পাস করা, ধর্মীয় অ-লাভজনক সংস্থা যারা ঘৃণা সম্পর্কিত অপরাধের শিকার হওয়ার ঝুঁকিপূর্ণ, তাদের জন্য 25 মার্কিন ডলারের বিনিয়োগ করা, নিউ ইয়র্কের ছাত্রদের জন্য হবে বৈচিত্র এবং সহণশীলতা শিক্ষামূলক পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করা, স্টেট পুলিশের ঘৃণা সংক্রান্ত অপরাধের টাস্ক ফোর্সের (শিক্ষামূলক পাঠ্যক্রম অন্তর্ভুক্ত) সহায়তার জন্য বাজেট 2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা। গভর্নর এই প্রস্তাবগুলো সম্পর্কে আরো তথ্য দিয়ে প্রচারণার অংশ হিসেবে একটি নতুন ওয়েবসাইট চালু করেন এবং নিউ ইয়র্কবাসীদের তাদের সমর্থন প্রদর্শনের জন্য প্রচারণার পিটিশনে স্বাক্ষর করতে উৎসাহিত করেন।

"আমাদের রাজ্য ও জুড়ে ছড়াতে থেকে ইহুদি বিদ্বেষ ও বিদ্বেষমূলক অপরাধ একটি ভাইরাস। আমি ভেবেছিলাম, নিউ ইয়র্ক এর অনাক্রম্য হবে কিন্তু আমার ভুল হয়েছিল," **গভর্নর কুওমো বলেন।** "আমি এটা পরিষ্কার করে বলতে চাই যে, নিউ ইয়র্কে ইহুদিবিদ্বেষের কোন স্থান নেই, এবং এই বছর আমরা এই ক্রমবর্ধমান ঘৃণার জোয়ারের সাথে লড়াই করার জন্য সাহসী আইনের সাহায্যে

সহিংসতা রুখে দেওয়ার জন্য ও আমাদের নাগরিকদের রক্ষা করতে এবং ঘৃণার কারণ ও ভয়াবহ পরিণতির বিষয়ে আমাদের জনগণকে শিক্ষিত করে তুলতে অগ্রসর হচ্ছি।"

হেট ক্রাইম অ্যান্টি-টেররিজম অ্যাক্ট পাশ করা:
নিউ ইয়র্কে ইহুদি বিদ্বেষী ও অন্যান্য বৈষম্যমূলক আক্রমণের বিরক্তিকর সংখ্যার কথা বলতে গিয়ে গভর্নর একটি প্রথম সারির দেশীয় সন্ত্রাসবাদ আইনের প্রস্তাব রাখছেন যার অন্তর্ভুক্ত হবে বিদ্বেষ চালিত গণসহিংসতা, একটি নতুন A-1 শ্রেণির অপরাধ যার শাস্তি হবে পারোলবিহীনভাবে যাবজ্জীবন কারাদণ্ড। এই প্রস্তাব অনুযায়ী প্রকৃত বা অনুভূত জাতি, বর্ণ, জাতীয় উৎপত্তি, বংশ পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, ধর্ম, ধর্মীয় চর্চা, বয়স, অক্ষমতা বা যৌন প্রবণতার কারণে কোনো জনগোষ্ঠীর বিরুদ্ধে ব্যাপক হত্যাকাণ্ড বিনা পারোলে যাবজ্জীবন কারাদন্ডের শাস্তি পাবার যোগ্য অপরাধ। এই পরিবর্তন এসব কর্মকাণ্ডকে কার্যকরভাবে যেভাবে গণ্য করা উচিৎ সেই সন্ত্রাসী অপরাধ হিসেবে গণ্য করবে, যার শাস্তি হবে অন্যান্য সন্ত্রাসী অপরাধের অনুরূপ। এই আইনটি প্রথম গভর্নরের দ্বারা 15ই আগস্ট 2019- এ অগ্রসর করা হয়, গভর্নরের 2020 স্টেট অফ দ্য স্টেটের এবং FY, 2021-এর কার্যনির্বাহী বাজেটের একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে।

ঘৃণা অপরাধের ঝুঁকিতে থাকা সংগঠন রক্ষা করা:
FY 2021 আর্থিক বছরের বাজেটে বাড়তি 25 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করবে ধর্মীয় ও অ-ধর্মীয় অলাভজনক প্রতিষ্ঠানগুলির জন্য যারা ঘৃণ্য অপরাধের ঝুঁকিতে আছে, এবং যোগ্যতার মানদণ্ডকে বিস্তৃত করবে উপাসনার ঘরগুলিকে অন্তর্ভুক্ত করতে। এই সব সংগঠনকে ঘৃণার বিরুদ্ধে লড়ার জন্য রাজ্য দ্বারা ইতিমধ্যে ব্যবস্থা করা 70 মিলিয়ন মার্কিন ডলারের এই তহবিল সিকিউরিং কমিউনিটিজ এগেন্সট হেট ক্রাইমস গ্রান্ট প্রোগ্রাম -এর মাধ্যমে আরও বৃদ্ধি করে।

বৈচিত্র্য ও সহনশীলতার উপর শিক্ষার পাঠ্যক্রম:
গভর্নর আরও প্রস্তাব করছেন নিউ ইয়র্ক স্কুলগুলো নাগরিক মূল্যবোধ ও রাজ্যের সমৃদ্ধ বৈচিত্রের ইতিহাস ও ধর্মীয় স্বাধীনতার শিক্ষা দেয় এমন পাঠ্যক্রম যুক্ত করে। গভর্নর এও প্রস্তাব করছেন, ব্যাটারি পার্ক সিটি কর্তৃপক্ষ রাজ্যের স্কুলের শিশুদের শিক্ষার গন্তব্য হিসাবে মিউজিয়াম অফ জুয়িশ হেরিটেজ অন দ্যা হলোকাস্ট (Museum of Jewish Heritage on the Holocaust)-এর সম্প্রসারণের পরিকল্পনা তৈরি করবে। উপরন্তু, গভর্নর এই আইনটিও অগ্রণী করেছিলেন যে বাধ্যতামূলকভাবে নিউ ইয়র্কের প্রতিটি শিক্ষার্থী একটি মিউজিয়াম পরিদর্শন করবে যা পাঠ্যক্রমের অংশ হিসাবে হলোকাস্ট সম্পর্কিত বিষয়গুলিকে অন্তর্ভূক্ত করে এই ঐতিহাসিক ঘটনাবলীগুলির সম্পর্কে তাদের বোঝার গভীরতা বাড়াবে।

স্টেট পুলিশ হেট ক্রায়িমস টাস্ক ফোর্সের (State Police Hate Crimes Task Force) জন্য অর্থায়ন:
নিউ ইয়র্ক রাজ্যের সর্বত্র পক্ষপাত-উদ্দেশ্যপ্রণোদিত হুমকি, হয়রানি ও সহিংসতায় বৃদ্ধির কারণে 2018 সালে গভর্নর কর্তৃক রাজ্য পুলিশ বিদ্বেষমূলক অপরাধ টাস্ক ফোর্সের প্রতিষ্ঠা করা হয়। 2021 আর্থিক বছরের নির্বাহী বাজেটে 2 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে,টাস্ক ফোর্সের চলমান কাজে সমর্থন করার জন্য, এবং ডিজিটাল মিডিয়ার উপর নজরদারি আরও কঠোর করার জন্য যা সহিংসতা, অসহিষ্ণুতা, অবৈধ পদার্থ এবং সন্ত্রাসবাদের প্রচার করে। উপরন্তু, গভর্নর প্রস্তাব করছেন

যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) নিউইয়র্ক স্টেট ক্রিমিনাল জাস্টিস সার্ভিসের (NYS Division of Criminal Justice Services) এবং নিউইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউমান রাইটসের (NYS Division of Human Rights) সাথে অংশীদারিত্ব করে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে রাজ্য জুড়ে বিদ্বেষমূলক অপরাধের তদন্ত করার জন্য কার্যকর কৌশল সম্পর্কে প্রশিক্ষণ দিতে।

আমেরিকার প্রধান ইহুদি সংগঠনসমূহের সভাপতিদের সম্মেলনের (Conference of Presidents of Major American Jewish Organizations) ভাইস চেয়ারম্যান ম্যালকম হোয়েনলেইন বলেন, "ইহুদি সম্প্রদায় যখন আক্রমণের ভীতিকর ঢেউয়ের সম্মুখীন হচ্ছে, তখন গভর্নর কুওমো বাকী জাতিকে প্রকৃত নেতৃত্ব প্রদর্শন করেছেন ঘৃণার বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে এবং ইহুদিবিদ্বেষকে প্রবেশাধিকার দিতে অস্বিকার করে। আমি গভর্নরের সাথে দান্নাতে পেরে গর্ববোধ করি যখন তিনি ইহুদিবিদ্বেষের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছেন এবং এই নতুন ব্যাপক প্রচারণা শুরু করেছেন নিরাপত্তা, শিক্ষা, এবং আমরা যে হুমকির সম্মুখীন তা থেকে ইহুদি সম্প্রদায়কে আরো সুরক্ষিত করার জন্য দায়বদ্ধতা প্রদর্শন করে।"

আমেরিকান ইহুদি কংগ্রেসের (American Jewish Congress) প্রেসিডেন্ট জ্যাক রোসেন বলেন, "যেহেতু আমরা আমাদের কমিউনিটির প্রতি ঘৃণা এবং সহিংসতার বিরক্তিকর ঢেউ দেখতে পাচ্ছি, তাই গভর্নর কুওমো শুধু একাত্মতার সাথে রুখে দাঁড়াননি, বরং প্রান্তিক জনগোষ্ঠীকে রক্ষা করার জন্য আক্রমণাত্মক পদক্ষেপ গ্রহণ করেছেন এবং পরবর্তী প্রজন্মকে চিরতরে ঘৃণা শেষ করার জন্য শিক্ষিত করে তুলেছেন। আমি এই বিষয়ে গভর্নর কুওমোর নেতৃত্বকে সাধুবাদ জানাই।"

ফ্লাউম ম্যানেজমেন্ট কোম্পানি ইনকর্পোরেটেড-এর (Flaum Management Company, Inc) সিইও ডেভিড এম. ফ্লাউম বলেন, "বিদ্বেষ্মূলক অপরাধের পিছনে সব চেয়ে বড় উদ্দেশ্য হল সন্ত্রাসী আচরণ এবং ভয় দেখানো, কিন্তু আমরা তার কাছে নিজেদের সমর্পন করতে অস্বীকার করি। নিউ ইয়র্কে এখানকার ইহুদি সম্প্রদায়ের নিরাপত্তা ও মর্যাদা রক্ষার জন্য তাঁর নেতৃত্বের জন্য আমরা গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই। ঘৃণার মহামারীর অবসান ঘটানর জন্য তার পরিকল্পনা কৌশলগতভাবে বহুমুখী এবং আমরা আইনসভায় এই সকল প্রস্তাব অনুমোদিত হতে দেখার জন্য উন্মুখ।"

বিশ্ব ইহুদি কংগ্রেস উত্তর আমেরিকার (World Jewish Congress North America) নির্বাহী পরিচালক বেটি এহরেনবার্গ বলেন, "আমরা যখন এই চ্যালেঞ্জিং সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি, গভর্নর কুওমো নিউ ইয়র্ক রাজ্যের জন্য নেতৃত্ব দেখিয়েছেন। এই বিষয়গুলি কীভাবে সামলানো যায় তার জন্য তিনি বিদ্বেষ ও বিভাজনের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর যে উল্লেখযোগ্য কাজগুলি করেছেন তা এক গুরুত্বপূর্ণ উদাহরণ হিসেবে কাজ করে। আমরা তাঁকে তাঁর কাজের জন্য ধন্যবাদ জানাই এবং আমাদের বিভাজিত করার জন্য কাজ করা বাহিনীর বিরুদ্ধে তাঁর সঙ্গে দাঁড়াতে থাকব।"

আউটারস্টাফের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা সোল ওয়েরডিগার বলেন, "বিদ্বেষমূলক অপরাধ যখন এমন হারে বেড়ে চলেছে যা আমরা কখনো দেখিনি, নিউ ইয়র্ক এসব অপরাধের

তদন্ত করতে অন্য যে কোনো রাজ্যের চেয়ে বেশি উৎসাহ দেখিয়েছে এবং এসব অপরাধীদের বিচারের আওতায় আনছে। রাজ্য পুলিশের বিদ্বেষমূলক অপরাধ টাস্ক ফোর্স জনগণকে নিশ্চয়তা দিতে অপরিহার্য হয়ে থেকেছে যে কোন ঘৃণার কারবারী এই সব ঘৃণ্য কাজ করে পার পাবে না। আমি গভর্নরকে সাধুবাদ জানাই এই ইউনিটের অর্থায়ন ব্যাপকভাবে বৃদ্ধি করার জন্য যাতে তারা তাদের গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে পারে।"

নিউ ইয়র্কের ইউনাইটেড জিউইশ এপিল-ফেডারেশন (UJA Federation of New York) এর প্রধান নির্বাহী কর্মকর্তা, এরিক এস. গোল্ডস্টাইন, বলেন, "যে প্রস্তাবটির রুপরেখা গভর্নর কুওমো কুমো আজ ব্যক্ত করেছেন তা ইহুদিবিদ্বেষের ও সব ধরনের ঘৃণার বিরুদ্ধে লড়াইয়ে পথ প্রশস্ত করবে। সকল অ-লাভজনক সংস্থা, স্কুল, উপাসনালয়ের নিজেদের ও তাদের সম্প্রদায়কে রক্ষা করার জন্য প্রয়োজন সংস্থানগুলি থাকে তার প্রচেষ্টায় গভর্নর কুওমোর সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্ববোধ করি। গভর্নর কুওমো, আপনার নেতৃত্ব এবং ইহুদি সম্প্রদায়ের প্রতি আপনার সংঘতির জন্য, আপনাকে ধন্যবাদ।"

ইহুদি সম্প্রদায়ের সম্পর্ক কাউন্সিল (Jewish Community Relations Council, JCRC) নির্বাহী পরিচালক, মাইকেল মিলার, বলেন, "ব্রুকলিন ব্রিজ জুড়ে হাজার হাজার নিউ ইয়র্কবাসীদের নিয়ে মিছিল করা থেকে আজ তিনি যে প্রস্তাবগুলো তুলে ধরেছেন, তাতে গভর্নর কুওমো ধারাবাহিকভাবে ইহুদি সম্প্রদায়ের পাশে দাঁড়িয়েছেন। আমরা আজ গভর্নর কুওমোর সাথে দাঁড়াতে পেরে গর্বিত। এই সমন্বিত আলোচ্যসূচির মধ্যে রয়েছে শিক্ষা, বলবতকরণ এবং সুরক্ষা, এবং আমরা এটি প্রণয়ন হতে দেখার জন্য আগ্রহী।"

মানহানি বিরোধী লীগের (Anti-Defamation League) সিইও জোনাথন এ গ্রিনব্লাট বলেন, "ইহুদি বিরোধী আক্রমণ সর্বোচ্চ অবস্থায় আমরা নিউ ইয়র্ক ও নিউ জার্সি অঞ্চলে বসবাসকারী ইহুদিদের বিরুদ্ধে বিদ্বেষমূলক সহিংসতার এক মহামারীর সম্মুখীন হয়েছি। আমরা রাজ্যপালের নেতৃত্বের এবং তাঁর ঘৃণার এই সুনামিকে প্রতিহত করার উদ্দেশ্যে সাহায্য করার জন্য অঙ্গিকারবদ্ধতার জন্য কৃতজ্ঞ। আজ যে প্রস্তাবের রুপরেখা পেশ করা হল, ইহুদি ও অলাভজনক প্রতিষ্ঠানের জন্য নিরাপত্তা ও মনের শান্তি প্রদানের উদ্দেশ্যে 70 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের, তা ঘৃণার বিরুদ্ধে লড়াইয়ের জন্য এক বলিষ্ঠ পরিকল্পনা।"

ব্রুস সি. র‍্যাটনার, নির্বাহী চেয়ারম্যান, ফরেস্ট সিটি এন্টারপ্রাইজেস, ইনকর্পোরেটেড (Forest City Enterprises, Inc.); ইহুদি হেরিটেজ মিউজিয়াম বোর্ডের চেয়ারম্যান বলেন, "এখন আমাদের আগের চেয়ে অনেক বেশী করে নিশ্চিত করতে হবে যে পরবর্তী প্রজন্মকে হলোকস্টের ইতিহাস যেন শেখানো হয় এবং আমরা গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই নিউইয়র্ক রাজ্যের পাব্লিক স্কুলের ছাত্রদের জন্য হলোকস্টের শিক্ষা বাধ্যতামূলক করার প্রচেষ্টার জন্য। ইহুদি ঐতিহ্যের জাদুঘর ইহুদিবিদ্বেষী ও সব ধরনের বিদ্বেষের বিরুদ্ধে ভাগ করে নেওয়া লড়াইয়ে গভর্নর কুওমোর অংশীদার হতে উদগ্রীব।"

অর্থডক্সইউনিওনের ভাইস প্রেসিডেন্ত অ্যালেন ফ্যাগিন বলেন "গভর্নর কুওমো সকল সম্প্রদায়ের জন্য এক আরো সুরক্ষিত ভবিস্যতের পথে নেতৃত্ব দিচ্ছেন অনেকগুলো বাস্তবসম্মত এবং প্রেরণাদায়ক নিরাপত্তার প্রস্তাবনার সাহায্যে যা নিউ ইয়র্ককে সমস্ত সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখার কাজে নেতৃত্ব স্থানীয় অবস্থায় বহাল রাখবে। গভর্নর কুওমো একটি উদাহরণ স্থাপন করছেন যা আমরা আশা করি সারা দেশের অন্যান্য রাজ্যগুলিও এর অনুসরণ করবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন